

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।  
([www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd))

নং-৪৯.০৪.০০০০.০১০.০০.৭৩৩.২০১৭-১৭৭

তারিখ: ০৭-০৮-২০১৭খ্রিঃ।


বিষয়ঃ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য স্থানীয় প্রশাসনের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০১৭ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এইচএসসি/সমমান অথবা ডিপ্লোমা শ্রেণিতে প্রথম বর্ষ/সেমিস্টারে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক মেধাবী ছাত্র/ছাত্রীকে শিক্ষা বৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহবান করা হয়েছে। বিজ্ঞপ্তি ইতোমধ্যে ৩ আগস্ট, ২০১৭ তারিখে বাংলাদেশ প্রতিদিন ও দৈনিক মানবজমিন এবং ৬ আগস্ট, ২০১৭ তারিখে The Daily Star পত্রিকায় প্রকাশিত হয়েছে।

২.০ উক্ত শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি ও আবেদন ফরম ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট([www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)) থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। বৃত্তির আবেদন ৩১/০৮/২০১৭ তারিখ, বিকাল ৫ টার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, রুম নং- ৯১২, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকায় পৌছাতে হবে।

৩.০ প্রবাসী কর্মীর পরিবার প্রত্যন্ত অঞ্চলে বসবাস করায় বিজ্ঞপ্তি উপজেলা নির্বাহী কর্মকর্তা ও জেলা শিক্ষা অফিস এর মাধ্যমে উচ্চ মাধ্যমিক কলেজ ও পলিটেকনিক ইনস্টিটিউট সমূহে ব্যাপকভাবে প্রচারের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

৪.০ এমতাবস্থায়, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে শিক্ষাবৃত্তি প্রদান কার্যক্রম যথাসময়ে সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ব্যাপক প্রচারসহ সার্বিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
(নূরুন আখতার)  
উপ-সচিব  
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)  
ফোনঃ ০২-৯৩৫২৬১৯  
[d.ad@wewb.gov.bd](mailto:d.ad@wewb.gov.bd)

জেলা প্রশাসক  
সকল জেলা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। কাউন্সিলর (শ্রম)/প্রথম সচিব (শ্রম)/দ্বিতীয় সচিব, বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন (সকল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
- ৫। জেলা শিক্ষা অফিসার (জেলা)।
- ৬। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (সকল)।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৮। অফিস কপি।